

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২১০-আইন/২০১৬/৭৬৫-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং- ১৭৬-আইন/২০১৬/৭৫২-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) টেবিল-১ (আমদানি পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) 94.02 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং এন্ড্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“98.01 সংশ্লিষ্ট যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি)
এইচ.এস. কোড বিধিমালা, ২০১৬ এর আওতায় আনীত
পণ্যসমূহ”;

(খ) টেবিল-২ (আমদানি ও উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) -

(অ) 84.71 এর বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“84.71 সকল এইচ.এস. কোড কম্পিউটার ও তার ইউনিটসমূহ (8471.60.10 ব্যতীত) এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি (Finger print scanner/ Biometric scanner ব্যতীত)

(আ) 85.23 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(গ) টেবিল-৩ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) -

(অ) 40.01 এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “ও আরএসএস” শব্দগুলি বিলুপ্ত হইবে;

(আ) 85.07 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং তদ্বিপরীতে এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“85.23 সংশ্লিষ্ট সকল এইচ. এস. Software”;
কোড

(ঘ) টেবিল-৪ (সেবা পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা-

(অ) S০৭৪ এর কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০৭৪.০০ এর বিপরীতে কলাম (৩) এর দফা (খ) এর পর নিম্নরূপ নূতন দফা (গ) সংযোজিত হইবে, যথা:-

“(গ) তথ্য প্রযুক্তি নির্ভর সেবা অর্থাৎ সেবার কোড S০৯৯.১০ আওতায় নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক কোন স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণের ক্ষেত্রে”;

(আ) S০৯৯ এর কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০৯৯.২০ এবং উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রির পর নিম্নরূপ সেবার কোড এবং এন্ট্রি সংযোজিত হইবে, যথা:-

“S০৯৯.৪০ মেডিটেশন সেবা”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
সিনিয়র সচিব